

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.১৮৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৯৮৩/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলা বোয়ালদাড় স্কুল এন্ড কলেজ এর প্রধান শিক্ষক/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মো. আব্দুল বারী সরকারকে স্ব-পদে পুন: বহাল করার জন্য দিনাজপুর শিক্ষা বোর্ড হতে নির্দেশ প্রদান করে পত্র দেওয়া হয় যার স্মারক নং-৩/কল/দিন/৯৬/৫০৪, তারিখ: ০৭/০৮/২০১৭ ইং। শিক্ষা বোর্ডের আদেশের বিরুদ্ধে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো. আবুল কাশেম মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩২৫৭/২০১৭ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উভয় পক্ষের শুনানি শেষে রায় প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩২৫৭/২০১৭ মামলার রায়ের আলোকে স্ব-পদে বহালের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর ০৪/০১/২০২২ তারিখে আবেদন করেন।

জনাব মো. আব্দুল বারী সরকার এর আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৯৮৩/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০৭.০৩.২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“The respondent Nos. 3 is directed to dispose of the application dated 04.01.2022 (Annexure-H) filed by the petitioner within 30 (thirty) days from the date of receipt of this order in accordance with law.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-২৯৮৩/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০৪.০১.২০২২ তারিখের আবেদনটি (Annexure-H) আইন অনুযায়ী এই আদেশ প্রাপ্তির তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক করে সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: -

ইমেইল: -

চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.১৮৭/১(৪)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব